গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

শেখ হাসিনার দিনবদলে
সমাজসেবা এগিয়ে চলে।

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগষ্ট ২০২৩

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় বয়স্ক ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ৫৭.০১ লক্ষ থেকে ৫৮.০১ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৬০০ টাকা; বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৪.৭৫ লক্ষ জন থেকে ২৫.৭৫ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৫৫০ টাকা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে ৫.৩৫ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৩.৬৫ লক্ষ জন থেকে ২৯.০০ লক্ষ জনে উন্নীত করা হয়েছে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৮৫০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২। ১০ আগস্ট তারিখ হতে ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত <u>mis.bhata.gov.bd/onlineApplication</u> লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ বছর ও মহিলা ৬২ বা তদুর্ধ বছর এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবা মহিলার জন্য স্বামীর মৃত্যু সনদ এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য সুবিধা গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে।

৩। অনলাইন আবেদনে নগদ/বিকাশ ইউনিটের আওতাধীন আবেদনকারীদের অবশ্যই সক্রিয় নগদ/বিকাশ হিসাব (মোবাইল) নম্বর প্রদান করতে হবে। এজেন্ট ব্যাংকিং এর আওতাধীন আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের হিসাব পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে খোলা হবে।

৪। পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) উপকারভোগীদের পুনরায় অনলাইন আবেদন করার প্রয়োজন নেই। সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্ট্রিকৃত ডাটার ভেলিডেশন করতে হবে।

৫। অনলাইনে প্রাপ্ত আবেদন, পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) তালিকার ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৬। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপযুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টীম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

১০/০৮/২০২৩

ড. মোঃ মোকতার হোসেন
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৪৮২৬৮০১
ইমেইলঃ dir.ss@dss.gov.bd

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
......................।

**<u>বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবন।
৩) জেলা প্রশাসক (সকল), ..................................।
৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ............................।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৮) উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..................................।
১০) উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়.............................।
১১) সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়, .......................,.................।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ৪১.০১.৭০৮৮.০০০.১৬.২০. ৭৪৬

তারিখ ঃ ১৬/০৮/২০২৩খ্রিঃ

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরে বর্ধিত কোটায় বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ও প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহন, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয় ও সংযুক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার ইউনিয়ন/পৌরসভায় বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ও যে সমস্ত প্রতিবন্ধী ব্যক্তির প্রতিবন্ধী সুবর্ন নাগরিক কার্ড আছে তারা প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১০/০৯/২০২৩ ইং তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র:

১। বয়স্কভাতার জন্য ভাতাভোগীর আইডি কার্ডের ফটোকপি-০২ কপি, নমিনীর আইডি কার্ড/জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি-০২ (কপি), ভাতাভোগী ও নমিনীর পাসপোর্ট সাইজের ছবি- ০৫ কপি এবং অনলাইন আবেদন কপি।

২। বিধবা ও স্বামী নিগৃহীতার ভাতার জন্য ভাতাভোগীর আইডি কার্ডের ফটোকপি-০২ কপি, নমিনীর আইডি কার্ড/জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি-০২ (কপি), ভাতাভোগী ও নমিনীর পাসপোর্ট সাইজের ছবি- ০৫, অনলাইন আবেদন কপি ও স্বামীর মারা গেলে স্বামীর মৃত সনদ ও তালাক প্রাপ্ত হলে তালাকের কপি-০১ এবং চেয়ারম্যান কর্তৃক স্বামী মারা যাওয়ার পর বা তালাকের পর ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়নি তার প্রত্যয়ন-০১ কপি।

৩। প্রতিবন্ধী ভাতার জন্য প্রতিবন্ধী ব্যক্তির প্রতিবন্ধী সুবর্ন নাগরিক কার্ডের ফটোকপি-০১ কপি, ভাতাভোগীর আইডি কার্ডের ফটোকপি-০২ কপি, নমিনীর আইডি কার্ড/জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি-০২ (কপি), ভাতাভোগী ও নমিনীর পাসপোর্ট সাইজের ছবি- ০৫ কপি এবং অনলাইন আবেদন কপি।

**অনলাইনে প্রতিবন্ধী ভাতা আবেদনের তারিখ: ১০/০৮/২০২৩খ্রি: হতে ১০/০৯/২০২৩ খ্রি: পর্যন্ত।**

আবেদনের ঠিকানা: **mis.bhata.gov.bd/onlineApplication**

বি: দ্র:

১। ব্যাপক প্রচারের মাধ্যমে কাজটি সম্পন্ন করতে হবে।
২। বয়স্ক ভাতার জন্য পুরুষের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ১৯৫৭ ও মহিলার ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ১৯৬০ হলে আবেদন করতে পারবে।
৩। বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার জন্য স্বামীর মৃত সনদ/তালাকের কপি ও চেয়ারম্যান কর্তৃক ২য় বিবাহ বন্ধনে আবদ্ধ না হওয়ার প্রত্যয়ন পত্র আবশ্যক।
৪। প্রতিবন্ধী শনাক্তকরন পরিচয়পত্র ছাড়া প্রতিবন্ধী ভাতার আবেদন করা যাবে না।

১৭/৮/২০২৩

(কাঞ্চন কুমার দাস)
উপজেলা সমাজসেবা অফিসার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

চেয়ারম্যান/মেয়র................................................ ইউপি/পৌরসভা

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

**দৃষ্টি আকর্ষণ:** উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

**সদয় জ্ঞাতার্থে:** ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২। উপজেলা চেয়ারম্যান, শিবগঞ্জ উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ